

## 🗏 আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০:১০

## **া** আরবি মূল আয়াত:

ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِينَ اَسَآءُوا السُّوٓاٰى اَن كَذَّبُوا بِلَيْتِ اللهِ وَ كَانُوا بِهَا يَستَهزءُونَ ﴿١٠﴾

## 

তারপর যারা মন্দ কাজ করেছিল তাদের পরিণাম মন্দ হয়েছিল। কারণ তারা আল্লাহর আয়াতগুলোকে অস্বীকার করেছিল এবং সেগুলো নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত। — আল-বায়ান

অতঃপর যারা মন্দ কাজ করত, তাদের পরিণাম হয়েছিল মন্দ; কারণ তারা আল্লাহর নিদর্শনাবলীকে অস্বীকার করেছিল আর সেগুলো নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত। — তাইসিরুল

অতঃপর যারা মন্দ কাজ করেছিল তাদের পরিণাম হয়েছে মন্দ; কারণ তারা আল্লাহর আয়াতসমূহ প্রত্যাখ্যান করত এবং তা নিয়ে ঠাট্টা-বিদ্রুপ করত। — মুজিবুর রহমান

Then the end of those who did evil was the worst [consequence] because they denied the signs of Allah and used to ridicule them. — Sahih International

- ১০. তারপর যারা মন্দ কাজ করেছিল তাদের পরিণাম হয়েছে মন্দ(১); কারণ তারা আল্লাহর আয়াতসমূহে মিথ্যা আরোপ করত এবং তা নিয়ে ঠাট্টাবিদ্রুপ করত।
  - (১) ইবন আব্বাস বলেন, এর অর্থ যারা কুফরী করেছে তাদের প্রতিদান হচ্ছে, শাস্তি। [তাবারী; আত-তাফসীরুস সহীহ]

তাফসীরে জাকারিয়া

- (১০) অতঃপর যারা মন্দ কাজ করেছিল তাদের পরিণাম হয়েছে মন্দ;[1] কারণ তারা আল্লাহর বাক্যাবলীকে মিথ্যা মনে করত এবং তা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত।
  - [1] السَوَا শব্দটির উৎপত্তি فُعلَى শব্দ থেকে। এটা فُعلَى এর ওজনে أُسوَأ এর স্ত্রী লিঙ্গ, যেমন \_ حُسنَى والسَوَ -এর স্ত্রী লিঙ্গ। অর্থাৎ, তাদের যে পরিণতি ঘটেছিল তা ছিল নেহাতই মন্দ।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3419

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন